দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 JUL 1993 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

# রাজশাহী ভার্সিটি ॥ ক্যাম্পাসে সভা-সমাবেশ নিষিদ্ধ

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল সোমবার হইতে ২২শে জুলাই পর্যন্ত ক্যাম্পাসে, ধর্মঘট, সমাবেশ, কর্মবিরতি, মিটিং-মিছিল, মাইকিং এবং অবরোধ নিষিদ্ধ করিয়াছেন। গতকাল সকালে প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর এম, আব্‌হার উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এই সিদ্ধান্ত হয়। ইহাতে সকল হলের প্রভোষ্ট, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, রেজিষ্ট্রার প্রমুখ কর্মকর্তা উপস্থিত ছিলেন। কর্তৃপক্ষীয় ভাষ্যে বলা হয়, ক্যাম্পাসের সার্বিক পরিস্থিতি বিবেচনা করিয়া একাডেমিক পরিবেশ বজায় রাখার স্বার্থে ক্যাম্পাস ও আবা-

(২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

সিক হলসমূহে রাজনৈতিক কর্মকাণ্ডের উপর নিষেধাজ্ঞা আরোপের সিদ্ধান্ত লওয়া হইয়াছে। নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। বলিয়া বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়। এদিকে নিষেধাজ্ঞা সত্ত্বেও ছাত্রঐক্য পরিষদ আজ (মঙ্গলবার) ক্যাম্পাসে সকাল-সন্ধ্যা ধর্মঘটের পূর্বঘোষিত কর্মসূচী অব্যাহত রাখিয়াছে।

রবিবার গ্রেফতারকৃত ছাত্র ঐক্য নেতা বাবুল খান ও করিম শিকদারের মুক্তি দাবীতে গতকাল প্রশাসনিক ভবনের পশ্চিম চত্বরে এক ছাত্রসভা হয়। গণতান্ত্রিক ছাত্র ঐক্য ও ছাত্রলীগ (ম-ই) সমন্বয়ে স্থানীয়ভাবে গঠিত ছাত্রঐক্য পরিষদ এই সভার আয়োজন করে। ইহাতে অবিলম্বে নেতৃদ্বয়ের মুক্তি দাবী করা হয়। দাবী আদায়ের জন্য আহূত আজকের ধর্মঘট সফল করার জন্য শিক্ষক ছাত্র-ছাত্রী ও কর্মকর্তা-কর্মচারীদের প্রতি আহ্বান জানান হয়। আলমগীর হোসেনের সভাপতিত্বে নায়েব উদ্দিন লাবলু; আহমদুল কবির, আহসানুল করিম, আরিফ প্রমুখ বক্তৃতা করেন। ধর্মঘটের সমর্থনে সন্ধ্যায় ঐক্য সিলসিলা চত্বরে মিছিল করে।

রবিবারে ভাংচুরের ঘটনার প্রতিবাদে এবং সন্ত্রাস সৃষ্টিকারীদের বিরুদ্ধে প্রশাসনের কার্যকর ভূমিকার দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল ক্যাম্পাসে মিছিল করে। পরে এক পথ সভায় হারুনর রশীদ, সৈয়দা আশিকা আশরাফী পাপিয়া প্রমুখ বক্তৃতা করেন।

কারান্তরীণ দলীয় নেতা-কর্মীদের মুক্তির দাবীতে ছাত্রশিবির বিক্ষোভ মিছিল করে। পরে বাস টার্মিনালে পথসভা হয়।